# আন-নাবা | An-Naba' | ٱلنَّبَإِ

আয়াতঃ ৭৮ : ২৮

## আরবি মূল আয়াত:

وَّ كَذَّبُوۡا بِاٰیٰتِنَا كِذَّابًا ﴿۲۸﴾

## অনুবাদসমূহ:

আর তারা আমার আয়াতসমূহকে সম্পূর্ণরূপে অস্বীকার করেছিল। — আল-বায়ান

তারা আমার নিদর্শনগুলোকে অস্বীকার করেছিল- পুরোপুরি অস্বীকার। — তাইসিরুল

এবং তারা দৃঢ়তার সাথে আমার নিদর্শনাবলী অস্বীকার করেছিল। — মুজিবুর রহমান

And denied Our verses with [emphatic] denial. — Sahih International

২৮. আর তারা আমাদের নিদর্শনাবলীতে কঠোরভাবে মিথ্যারোপ করেছিল।(১)

(১) এ হচ্ছে তাদের জাহান্নামের ভয়াবহ আযাব ভোগ করার কারণ। তারা আল্লাহর সামনে হাজির হয়ে নিজেদের আসনের হিসেব পেশ করার সময়ের কোন আশা করত না। দ্বিতীয়ত, আল্লাহ যেসব আয়াত পাঠিয়েছিলেন সেগুলো মেনে নিতে তারা সম্পূর্ণরূপে অস্বীকার করত এবং সেগুলোকে মিথ্য বলে প্রত্যাখ্যান করত। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

২৮। এবং তারা আমার আয়াতসমূহকে চরমভাবে মিথ্যাজ্ঞান করত।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5700

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন